

কুবি ভর্তি পরীক্ষায় ভুল প্রশ্ন প্রদান

কুবি সংবাদদাতা

প্রকাশিত: ১৫:৪৬, ১৯ এপ্রিল ২০২৫



ছবি: দৈনিক জনকঞ্চ



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) স্নাতক ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় 'সি' ইউনিটের মানবিক বিভাগের পরীক্ষার্থীদের ভুল প্রশ্ন প্রদান করা হয়েছে। শনিবার (১৯ এপ্রিল) ভর্তি পরীক্ষা শেষে বিষয়টি জানা যায়।



ভর্তি পরীক্ষা কমিটির সূত্রে জানা যায়, 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষায় বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা এবং মানবিক বিভাগের শিক্ষার্থীরাই পরীক্ষা দিতে পেরেছে। প্রতিটি বিভাগের পরীক্ষার্থীর জন্য ভিন্ন ভিন্ন প্রশ্নের সেট ছিলো। কিন্তু ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের প্রশ্নই বিজ্ঞান ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের সরবরাহ করা হয়েছিল।



ভুক্তভোগী পরীক্ষার্থীদের সাথে কথা বলে জানা যায়, প্রথমে ব্যবসায় শিক্ষা বিভাগের পরীক্ষার্থীদের জন্য যে প্রশ্নপত্র সেটিই কুমিল্লা বিশ্ববিদ্যালয় কেন্দ্রের কয়েকটি হলে প্রদান করা হয়। পরীক্ষার প্রায় অর্ধেক সময় পাড় হলে পরীক্ষার্থীরা দেখতে পারে যে তাদের ভুল প্রশ্ন প্রদান করা হয়েছে। পরবর্তীতে তাদের সঠিক প্রশ্ন দিয়ে পুনরায় ১ ঘণ্টার পরীক্ষাটি নেওয়া হয়। তবে এই ভুলের ফলে মানসিকভাবে বিপর্যস্ত ও পরীক্ষায় বিরূপ প্রভাব পড়েছে বলে জানান।

এবিষয়ে পরীক্ষার্থী মোহাম্মদ শাখাওয়াত হোসেন বলেন, 'আমরা যে কেন্দ্রে পরীক্ষা দিয়েছি ওইটি মূলত বিভাগ পরিবর্তনকারী শিক্ষার্থীদের কেন্দ্র। তবে এখানে ২টা রুমে বিবিএ'র

শিক্ষার্থীদের আসন পড়েছে। তাই ভুল করে আমাদেরকেও বিভাগ পরিবর্তনের প্রশ্ন দিয়ে দিচ্ছিল। পরে আবার ঠিক প্রশ্নই দিয়েছে তবে ৪০ মিনিট দেরি হয়েছে।'